

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৩৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفصنْلُ التَّالِثُ (بَابِ الرِّيَاءِ والسمعة)

আরবী

وَعَن المهاجرِ بنِ حبيبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ اللَّهُ تَعَالَى: إِنِّي لَسْتُ كُلَّ كلامِ الْحَكِيم أَتقبَّلُ وَلَكِنِّي أَتَقَبَّلُ هَمَّهُ وَهَوَاهُ فَإِنْ كَانَ هَمُّهُ وَهَوَاهُ فِي طَاعَتِي جَعَلْتُ صَمْتَهُ حَمْدًا لِي وَوَقَارًا وإِنْ لَمْ يتكلَّمْ رَوَاهُ الدَّارِمِيّ

اسناده ضعيف ، رواه الدارمى (1 / 79 ح 258) * فيه صدقة بن عبدالله بن مهاجر بن حبيب : مجهول ، و المهاجر ليس صحابيًا و لعلم المهاصر بن حبيب كما فى النسخة المحققة فالسند مع ضعفه مرسل ـ

(ضَعِيف)

বাংলা

৫৩৩৮-[২৫] মুহাজির ইবনু হাবীব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা বলেন, আমি বিদ্বান ব্যক্তির প্রতিটি কথা গ্রহণ করি না, বরং আমি তার নিয়াত ও আগ্রহকে কবুল করি। অতএব যদি তার নিয়াত ও আগ্রহ আমার আনুগত্যের অনুকূলে হয়, তাহলে তার নিরবতাকে আমি আমার প্রশংসা এবং তার জন্য তাকে স্থিরতা ও ধৈর্যশীলতার অন্তর্ভুক্ত করি, যদিও মুখের বাক্য দ্বারা সে কিছুই উচ্চারণ না করে থাকে। (দারিমী)

ফুটনোট

খুবই যঈফ : দারিমী ২৫২, মুহাজির ইবনু হাবীব মু'যাল। সদাকাহ্ মাজহুল, য'ঈফাহ্ ২০৫০।

ব্যাখ্যা



ব্যাখ্যা:(الله تَعَالَى: إِنِّي لَسْتُ كُلَّ كَلامِ الْحَكِيمِ أَتَقَبَّلُ) আল্লাহ তা'আলা বলেন, আমি 'আলিমের প্রত্যেক কথা ও মুখের নড়াচড়ার দিকে তাকাই না বরং তার অবস্থা অন্তরের কল্যাণের দিকে লক্ষ্য করি। আর এ অর্থেই আল্লাহ বলেন,

(وَلَكِنِّي أَتَقَبَّلُ هُمَّهُ وَهُوَاهُ) কিন্তু আমি তার ভালো কাজের নিয়াতকে অন্তরে কল্পনা করার সাথে সাথেই গ্রহণ করি। আর যদি গ্রহণ করি নিয়াতের সাথেই গ্রহণ করি যদিও তার আগ্রহ তা বিলম্বে বাস্তবায়ন হয়।
(فَإِنْ كَانَ هَمُّهُ وَهُوَاهُ فِي طَاعَتِي) যদি তার নিয়াত ও উদ্দিষ্ট ইচ্ছা আমার আনুগত্যমূলক কাজে হয় তাহলে তার চুপ থাকাকেও আমি আমার ওপর প্রশংসা হিসেবে ধরে নেই এবং ধরে নেই প্রশান্তি ও মজবুত 'ইলম হিসেবে যদিও সে প্রশংসামূলক কথা না বলে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাজির ইবনু হাবীব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন